

# বিজ্ঞপ্তি

তারিখঃ ১৫.০৯.২০২৩

এতদ্বারা কলেজের বাংলা বিভাগের সমস্ত ছাত্রছাত্রীদের জানানো যাচ্ছে যে বাংলা বিভাগের ব্যবস্থাপনায় আগামী ২৬শে সেপ্টেম্বর ২০২৩ মঙ্গলবার কলেজের আলোচনা কক্ষে (Seminar hall) “ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর ও তাঁর প্রাসঙ্গিকতা” বিষয়ে সকাল ১১টা থেকে একটি একদিবসীয় আলোচনাচক্র অনুষ্ঠিত হবে। উক্ত আলোচনা সভায় আমন্ত্রিত বক্তাদের পাশাপাশি বিভাগীয় ছাত্রছাত্রীরাও প্রবন্ধ পাঠ করবে। উক্ত আলোচনাসভায় ছাত্রছাত্রীরা নিম্নলিখিত শিরোনামে প্রবন্ধ পাঠ করতে পারবে-

- ❖ গদ্য শিল্পী বিদ্যাসাগর
- ❖ বিদ্যাসাগর ও নারীমুক্তি
- ❖ সমাজ সংস্কারক বিদ্যাসাগর
- ❖ অনুবাদক ঈশ্বরচন্দ্র
- ❖ নারীশিক্ষা প্রসারে বিদ্যাসাগরের ভূমিকা
- ❖ বাংলা সাহিত্যের আধুনিকতা ও বিদ্যাসাগর
- ❖ বিদ্যাসাগর ও বাংলার নবজাগরণ
- ❖ বিদ্যাসাগর ও বাঙালির আধুনিকতা
- ❖ বাংলা ভাষাচর্চা ও বিদ্যাসাগর

উক্ত আলোচনা সভায় প্রবন্ধপাঠ করার জন্য বিভাগের সমস্ত ছাত্রছাত্রীদের আগামী ২২শে সেপ্টেম্বরের মধ্যে বিভাগের অধ্যাপক - অধ্যাপিকাদের কাছে অনধিক ৫০০ শব্দের মধ্যে হাতে লেখা প্রবন্ধ জমা করতে বলা হচ্ছে। সেখান থেকে নির্বাচনের মাধ্যমে প্রতি সেমিস্টার থেকে পাঁচটি (৫টি) করে প্রবন্ধ নির্বাচিত হবে এবং সেগুলোই ২৬ তারিখের সভায় পাঠিত হবে। উক্ত আলোচনাসভায় বিভাগের সকল ছাত্রছাত্রী ও অধ্যাপক-অধ্যাপিকাদের উপস্থিতি বাধ্যতামূলক।

১৫.০৯.২৩

ডঃ রত্না দে  
বিভাগীয় প্রধান  
বাংলা বিভাগ  
বিবেকানন্দ কলেজ  
আলিপুরদুয়ার  
Head of the Dept.  
Dept. of Bengali  
Vivekananda College  
Alipurduar



ডঃ শ্রীজিৎ দাস  
অধ্যক্ষ  
বিবেকানন্দ কলেজ  
আলিপুরদুয়ার  
PRINCIPAL  
VIVEKANANDA COLLEGE  
ALIPURDUAR